# রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় - মাজলিসে যিকর ও যিকরের মাজলিস

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

গ. সমাবেশে আল্লাহর যিকরের ফযীলত

গ. সমাবেশে আল্লাহর যিকরের ফযীলত

আবু হুরাইরা (রাঃ) বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন, মহান আল্লাহ বলেন:

أَنَا مَعَهُ حِينَ يَذْكُرُنِي إِنْ ذَكَرَنِي فِي نَفْسِهِ ذَكَرْتُهُ فِي نَفْسِي وَإِنْ ذَكَرَنِي فِي مَلَإٍ ذَكَرْتُهُ فِي مَلَإٍ خَيْرٍ مِنْهُمْ

“আমার বান্দা যখন আমাকে স্মরণ করে তখন আমি তাঁর সাথে থাকি। যদি সে আমাকে তাঁর মনের মধ্যে স্মরণ করে, তবে আমিও তাঁকে আমার মধ্যে স্মরণ করি। আর যদি সে আমাকে কোনো সমাবেশে বা কিছু মানুষের মধ্যে স্মরণ করে, আমিও তাঁকে স্মরণ করি তাঁর সমাবেশের চেয়ে উত্তম সমাবেশে।”[1]

“সমাবেশে আল্লাহর যিকরের” - এই ফযীলত বান্দা দুভাবে লাভ করতে পারেন। তিনি দুভাবে সমাবেশে আল্লাহর যিকর করতে পারেন।

প্রথমত, সমাবেশে বা মানুষের মধ্যে বসে মুমিন বান্দা তাঁর মনকে আল্লাহর দিকে নিবদ্ধ রেখে নিজের মনে আল্লাহর যিকরে রত থাকবেন। এ সমাবেশে একাকী যিকর। হাদীস শরীফে এই প্রকারের যিকরের বিশেষ মর্যাদা ঘোষণা করা হয়েছে। এই পর্যায়টি উপরে আলোচিত “মাজলিসে আল্লাহর যিকরের” অন্তর্গত।দ্বিতীয়ত, সমাবেশে অন্যদের সাথে তিনি আল্লাহর যিকর করবেন। এই পর্যায়টি উপরে উল্লেখিত “যিকরের মাজলিস” পর্যায়ের। এই ধরনের সমাবেশ বা মাজলিস “আল্লাহর যিকর” কেন্দ্র করেই সংঘটিত ও আবর্তিত হয়। পরবর্তী আলোচনায় দেখব এই প্রকারের মাজলিস বা সমাবেশে কোন্ কোন্ প্রকারের যিকর কী-ভাবে পালন করা হয়। তার আগে আমরা এই দ্বিতীয় প্রকারের সমাবেশ বা যিকরের মাজলিসের ফযীলত আলোচনা করব।

## ফুটনোট

[1] সহীহ মুসলিম ৪/২০৬১, নং ২৬৭৫, ৪/২০৬৭, নং ২৬৭৫, সহীহ বুখারী ৬/২৬৯৪, নং ৬৯৭০।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8856

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন